

উদ্যোগপতি মিনু বুধিয়া সম্মানিত

■ স্টাফ রিপোর্টার: চলার পথ ততটা সহজ ছিল না। তবে জীবনের সব পিচ্ছিল বাঁক পেরিয়ে ছুঁয়েছেন সাফল্যের শিখর। অসমের ছোট শহর তিনসুকিয়ার সেই অনামী মেয়ে মিনু বুধিয়া, দু'সন্তানের মা আজ সফল উদ্যোগপতি। তাঁকে সম্মানিত করল পাবলিক রিলেশনস সোসাইটি অফ ইন্ডিয়া। সম্প্রতি আর্কটেক্ট অফ চেঞ্জ উপাধি পেলেন 'কেয়ারিং মাইন্ডস' নামে সংস্থার প্রতিষ্ঠাতা-ডিরেক্টর। পাবলিক রিলেশনস সোসাইটি অফ ইন্ডিয়া আয়োজন করেছিল পূর্ব ভারতের বৃহত্তম ব্র্যান্ড কনফারেন্স ব্রাভেজ ২০২২। উপস্থিত মিনু বুধিয়া বলেন, আমার মেয়ে প্রাচী বিশেষভাবে সক্ষম। তার কাছ থেকেই আমি শিখেছি, শুধু পরিবর্তন আনলেই হবে না, নিজেকে পরিবর্তিত হতে হবে।